দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 12 AUG 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... 2 ...

# নান্দাইলে বিদ্যালয় মাঠে পানি শিক্ষার্থীদের যাতায়াতে দুর্ভোগ

নান্দাইল (ময়মনসিংহ) সংবাদদাতা

দেশের অনেক স্থানে বন্যা হলেও নান্দাইলে হয়নি। কিন্তু উপজেলার ১৫৮ নম্বর আচারগাঁও উত্তরপাড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সামনের মাঠে গত প্রায় দুই মাস ধরে হাঁটু পানি। যেন বন্যার পানিতে আক্রান্ত বিদ্যালয়টি। শিক্ষার্থীরা খালি পায়ে কিনারা ঘেঁষে অথবা পানি দিয়েই কোনোমতে শ্রেণিকক্ষে প্রবেশ করে। ফলে তাদের হাত-পায়ে ঘা ও জ্বর সর্দি নিয়ে চলতি পরীক্ষায় অংশগ্রহণ করছে। এ অবস্থা চললেও স্থানীয় কর্তৃপক্ষ কোনো ব্যবস্থা নেয়নি।

স্থানীয়রা জানান, এক সময় এই এলাকায় জনবসতি কম ছিল। ভূমি ছিল নিচু শ্রেণির। ফলে বৃষ্টির পানি ফসলি জমির পাশ দিয়ে বিদ্যালয়ের পেছন দিক দিয়ে প্রবাহিত নরসুন্দা নদীতে গিয়ে পড়ত। এখন বিদ্যালয়ের তিনদিকে জনবসতি গড়ে উঠেছে। তাই ভূমির উচ্চতা বেড়েছে। বিদ্যালয়ের পশ্চিম দিকে যাতায়াতের পাকা সড়ক। ফলে বৃষ্টির পানি এসে বিদ্যালয়ের মাঠে আবদ্ধ হয়। ফলে ১৭৯ জন শিক্ষার্থীকে প্রতিদিন দুর্ভোগ পোহাতে হয়।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আনারকলী নাজনীন বলেন, বিষয়টি তার দেখার কথা নয়। বিদ্যালয় পরিদর্শনের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা তাকে এ বিষয়ে কিছু জানায়নি।